

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**  
**Date: 04-09-2025**  
**Time: 07:55-08:05 PM Hrs**  
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

- (১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, জি.এস.টি কাঠামোয় বড় ধরনের সংস্কারের ফলে নাগরিকদের জীবনযাত্রার মান উন্নত হবে।
- (২) আগামীকাল আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে শিক্ষক দিবসের মূল অনুষ্ঠান হবে।
- (৩) ভারত ও সিঙ্গাপুর আজ অসামৰিক বিমান চলাচল, মহাকাশ, দক্ষতা উন্নয়ন, ডিজিটাল সম্পদ উন্নাবন এবং সবুজ ও ডিজিটাল শিপিং করিডোরের বিষয়ে পাঁচটি চুক্তি স্বাক্ষর করেছে।
- (৪) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ আগরতলার আর.সি.সি-তে চারদিনব্যাপী উত্তর-পূর্বাঞ্চল আন্তঃ রাজ্য ব্যাডমিন্টন চ্যাম্পিয়নশিপের উদ্বোধন করেছেন।

\*\*\*\*\*

**CM Reaction On GST :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, জি.এস.টি কাঠামোয় বড় ধরনের সংস্কারের ফলে নাগরিকদের জীবনযাত্রার মান উন্নত হবে। সাধারণ মানুষ, কৃষক, শুন্দি ও মাঝারি শিল্প, মধ্যবিত্ত, মহিলা এবং যুবসমাজ উপকৃত হবে। মুখ্যমন্ত্রী বলেন, সহজে ব্যবসা বাণিজ্য করার সুযোগ নিশ্চিত হবে।

# ##### Byte-CM#####

\*\*\*\*\*

**Package Story-GST :**

পণ্য ও পরিষেবা কর পরিষদ বা জি.এস.টি কাউন্সিল সাধারণ মানুষ, শ্রমকেন্দ্রিক শিল্প, কৃষক ও কৃষি, স্বাস্থ্য এবং অর্থনীতির মূল চালিকাশক্তিকে মাথায় রেখে করের যুক্তিসংগত হার অনুমোদন করেছে। কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমন গতকাল জানিয়েছেন, কর হারের পরিবর্তন চলতি মাসের ২২ তারিখ, নবরাত্রির প্রথম দিন থেকে কার্যকর হবে। স্বাভাবিকভাবেই উৎসব মরণের প্রাকলগ্নে জি.এস.টি নিয়ে সরকারের সিদ্ধান্ত সাধারণ মানুষের কাছে এক খুশির বার্তা। একটি প্রতিবেদন।

# #####VC#####

\*\*\*\*\*

### **Teacher's Day :**

আগামীকাল সর্বপ্লাণী রাধাকৃষ্ণনের জন্মদিনটি গোটা দেশের সঙ্গে রাজ্যেও ননা অনুষ্ঠানের মধ্য দিয়ে জাতীয় শিক্ষক দিবস হিসেবে পালন করা হবে। দিবসটির গুরুত্ব সম্পর্কে ছাত্রছাত্রীদের অবগত করার লক্ষ্যে আজ বিভিন্ন স্কুলে বড় ক্লাসের ছাত্রছাত্রীরা ছোট ক্লাসের ছাত্রছাত্রীদের পাঠদান করে এবং শিক্ষক দিবসের মাহাঘ্য সম্পর্কে তাদের অবহিত করে। আগরতলা শহরের সহ রাজ্যের বিভিন্ন স্কুলে আজ এই চিরি পরিলক্ষিত হয়। আগামীকাল রাজ্যভিত্তিক শিক্ষক দিবসের মূল অনুষ্ঠান হবে আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে। অনুষ্ঠানে শিক্ষকদের আনুষ্ঠানিকভাবে সম্মর্ধনা জ্ঞাপন করা হবে।

\*\*\*\*\*

### **BJP Meeting CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, দেশের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর ৭৫তম জন্মদিন উপলক্ষে ১৭ই সেপ্টেম্বর থেকে দোসরা অক্টোবর পর্যন্ত বিভিন্ন সেবামূলক কাজ হাতে নিয়েছে প্রদেশ বিজেপি। এই সময়ের মধ্যে স্বচ্ছ ভারত অভিযান থেকে শুরু করে রক্তদান ও অন্যান্য সেবামূলক কাজ ধারাবাহিকভাবে করা হবে। আজ প্রদেশ বিজেপি কার্যালয়ে সেবা পার্কিং প্রদেশ কর্মশালার উদ্বোধন করে তিনি একথা বলেন। তিনি বলেন,

বিজেপি'র মূল লক্ষ্য মানুষের সেবা করা। সেবামূলক কাজের মাধ্যমে দেশ ও রাজ্যকে এগিয়ে নিয়ে যেতে নিরলস কাজ করে যাচ্ছেন প্রধানমন্ত্রী। কর্মশালায় উপস্থিত ছিলেন প্রদেশ বিজেপি সভাপতি ও সাংসদ রাজীব ভট্টাচার্য, রাজসভার সাংসদ ডঃ নরেশ বনসাল, বিজেপি দলের ত্রিপুরা এবং আসামের দ্বায়িষ্প্রাপ্ত সংগঠন মহামন্ত্রী রবীন্দ্র রাজু, বিধায়ক ভগবান দাস প্রমুখ।

\*\*\*\*\*

### **Update Akashvani :**

এথবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

##### Sound Byte #####

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন - ড্রিউ. ড্রিউ. ড্রিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলাটস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

\*\*\*\*\*

### **PM :**

ভারত ও সিঙ্গাপুর আজ অসামৰিক বিমান চলাচল, মহাকাশ, দক্ষতা উন্নয়ন, ডিজিটাল সম্পদ উন্নয়ন এবং সবুজ ও ডিজিটাল শিপিং করিডোরের বিষয়ে পাঁচটি চুক্তি স্বাক্ষর করেছে। আজ নতুনদিল্লিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং সিঙ্গাপুরের প্রধানমন্ত্রী লরেন্স ওঁ-এর মধ্যে আলোচনার পর এই সময়োত্তা স্মারক বিনিময় করা হয়। প্রধানমন্ত্রী মোদী প্রেস বিবৃতিতে বলেন, ভারত ও সিঙ্গাপুর আসিয়ানের সঙ্গে সহযোগিতা

এবং ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে শান্তি ও স্থিতিশীলতার জন্য যৌথ দৃষ্টিভঙ্গি এগিয়ে নিতে একসঙ্গে কাজ চালিয়ে যাবে। তিনি বলেন, সিঙ্গাপুর দক্ষিণ-পূর্ব এশিয়ায় ভারতের বৃহওম বাণিজ্য অংশীদার এবং এটি অ্যাস্ট ইস্ট নীতির একটি গুরুত্বপূর্ণ স্তুপ। শ্রী মোদী বলেন, প্রযুক্তি এবং উন্নতাবল অংশীদারিত্বের শক্তিশালী স্তুপ এবং উভয় পক্ষই কৃত্রিম বুদ্ধিমত্তা, কোয়ান্টাম এবং অন্যান্য ডিজিটাল প্রযুক্তিতে সহযোগিতা বৃদ্ধির সিদ্ধান্ত নিয়েছে।

# ##### Byte-PM #####

প্রধানমন্ত্রী মোদী বলেন, পরিবেশবান্ধব জাহাজ চলাচল, দক্ষতা বৃদ্ধি, অসামরিক পারমাণবিক শক্তি এবং নগর জল ব্যবস্থাপনার মতো ক্ষেত্রগুলি সহযোগিতার কেন্দ্রবিন্দুতে পরিণত হবে। তিনি বলেন, পারম্পরিক ব্যবসাকে গতিশীল করার জন্য, উভয় দেশ দ্বিপাক্ষিক ব্যাপক অর্থনৈতিক সহযোগিতা চুক্তি এবং আসিয়ান মুক্ত বাণিজ্য চুক্তির সময়সীমাবদ্ধ পর্যালোচনা করার সিদ্ধান্ত নিয়েছে। তিনি বলেন, সন্ত্রাসবাদের বিষয়ে উভয় দেশেরই একই উদ্বেগ রয়েছে। তিনি বলেন, ভারত ও সিঙ্গাপুর বিশ্বাস করে যে ঐক্যবদ্ধভাবে সন্ত্রাসবাদের বিরুদ্ধে লড়াই করা সকল মানবিক দেশের কর্তব্য। পহেলগামে সন্ত্রাসী হামলার পর ভারতের জনগণের প্রতি সহানুভূতি এবং সন্ত্রাসবাদের বিরুদ্ধে লড়াইয়ে তাদের সমর্থনের জন্য প্রধানমন্ত্রী ওঁ এবং সিঙ্গাপুর সরকারের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন শ্রী মোদী।

সিঙ্গাপুরের প্রধানমন্ত্রী লরেন্স ওঁ বলেছেন যে ভারত এবং সিঙ্গাপুর মহাকাশের মতো সীমান্তবর্তী অঞ্চলে সহযোগিতা সম্প্রসারণ করবে। তিনি বলেন, ভারত ২০টিরও বেশি সিঙ্গাপুর-নির্মিত উপগ্রহ উৎক্ষেপণ করেছে। মি: ওঁ জানান যে মহাকাশ ক্ষেত্রে সহযোগিতা বৃদ্ধির বিষয়ে সমঝোতা স্মারকের মাধ্যমে উভয় পক্ষই এই অংশীদারিত্বকে আরও বিস্তৃত করবে।

\*\*\*\*\*

### **Nutrition Week Programme :**

জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা আজ খোয়াই জেলার আমপুড়া বাজার উচ্চ মাধ্যমিক বিদ্যালয় পরিদর্শন করেন। তিনি এই বিদ্যালয়ে

চলমান পুষ্টি সপ্তাহ কর্মসূচীতে অংশ নিয়ে শিক্ষার্থীদের স্বাস্থ্য ও পুষ্টি সচেতনতা নিয়ে বিস্তারিত আলোচনা করেন।

\*\*\*\*\*

### **National Mission on Edible Oils :**

বিদেশ থেকে আমদানী নির্ভরতা কমিয়ে দেশে ভোজ্য তেলের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ন্যাশনাল মিশন ফর এডিবল অয়েল নামে একটি প্রকল্প গ্রহণ করেছে কেন্দ্র সরকার। এই প্রকল্পের অধীনে নানা ধরনের তেল বীজ চাষ সম্পর্কে কৃষকদের মধ্যে সচেতনতা বৃদ্ধি করার লক্ষ্যে পুরাতন আগরতলা কৃষি মহকুমার উদ্যোগে পশ্চিম নেয়াগাঁও পঞ্চায়েতে সাতদিনব্যাপী প্রশিক্ষণ শিবির শুরু হয়েছে। পুরাতন আগরতলা কৃষি মহকুমার কৃষি তত্ত্বাবধায়ক রাজশ্রী চক্রবর্তী জানান শিবিরের মূল লক্ষ্য হচ্ছে তেল বীজ উৎপাদনে দেশকে স্বয়ংসম্পূর্ণ করে তোলা। এই প্রকল্পে রেড পাম অয়েল, সরিষা, বাদাম, তিল সহ অন্যান্য তেল বীজ উৎপাদনে বিশেষ গুরুত্ব দেওয়া হবে। শিবিরে ৩০ জন কৃষক তেলবীজ চাষ সংক্রান্ত বিষয়ে বিশেষজ্ঞদের পরামর্শ নেবেন।

\*\*\*\*\*

### **Badminton-CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ আগরতলার আর.সি.সি-তে চারদিনব্যাপী উত্তর-পূর্বাঞ্চল আন্তঃ রাজ্য ব্যাডমিন্টন চ্যাম্পিয়নশিপের উদ্বোধন করেন। তিনি বলেন, "উত্তর-পূর্বাঞ্চলে বহু প্রতিভাবান খেলোয়াড় রয়েছে। যারা দেশকে প্রতিনিধিত্ব করছে। চারদিনের এই আসরে আটটি রাজ্যের ২২৬ জন খেলোয়াড় ও অফিসিয়াল অংশ নিয়েছেন। উদ্বোধনী অনুষ্ঠানে ছিলেন মণিপুরের বিধায়ক তথা মণিপুর ব্যাডমিন্টন এসোসিয়েশনের সভাপতি বিশ্বজিৎ সিং, আগরতলা পুরনিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার, পদ্মশ্রী অলিম্পিয়ান দীপা কর্মকার প্রমুখ। উদ্বোধন পর্বের পর বিভিন্ন ক্যাটাগরিতে প্রাথমিক পর্বের খেলা শুরু হয়েছে।

\*\*\*\*\*

## **State Level Under-17 Handball Competition :**

রাজ্যভিত্তিক স্কুল ক্রীড়া প্রতিযোগিতার অনূর্ধ্ব ১৭ বছর বালক ও বালিকা বিভাগের হ্যান্ডবল প্রতিযোগিতা আজ কুমারঘাটের নয়দ্রেন উচ্চবিদ্যালয়ের মাঠে শেষ হয়েছে। তিনদিনব্যাপী এই প্রতিযোগিতা শুরু হয়েছিল গত দোসরা সপ্টেম্বর। প্রতিযোগিতায় ফাইনাল ম্যাচে বালক বিভাগে পশ্চিম ত্রিপুরা জেলা ৭-৬ গোলে উত্তর ত্রিপুরা জেলাকে প্রারজিত করে জয়লাভ করে। অন্যদিকে, বালিকা বিভাগে পশ্চিম ত্রিপুরা জেলা ৭-৩ গোলে খোয়াই জেলাকে হারিয়ে চ্যাম্পিয়ন হয়। এই প্রতিযোগিতার সমাপ্তি অনুষ্ঠানে উনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাস বলেন, এই প্রতিযোগিতায় যারা চ্যাম্পিয়ন হয়েছে তারা জাতীয় স্তরের ক্রীড়া আসরে অংশ নেবে।

\* \* \* \* \*

## **Weather :**

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৫.৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬.২ ডিগ্রি সেলসিয়াস।

\* \* \* \* \*